মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৯/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় দারিদ্রদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ১৯/০৮/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় দারিদ্রদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় বার্ষিক বাজেট ঘোষনা 'হয়েছে এবং বাজেট অনুযায়ী একটি কর্মপরিকল্পনা করে তা অনুমোদিত হয়েছে। কর্ম পরিকল্পনা অনুযাযী এই অর্থ বছরে দারিদ্র নিরসনে কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করার কথা। গত অর্থ বছরে এমন পরিকল্পনা থাকলেও প্রশিক্ষণ হয়নি। চলতি অর্থ বছরে যাতে পরিকল্পনা অনুযায়ী কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করা যায় সেদিকে নজর দেওয়ার জন্য তিনি মেয়র মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রতিবছর প্রশিক্ষণ আয়োজনের ইচ্ছা থাকলেও নানাবিধ কারণে অনেক সময় তা হয়ে ওঠেনা। এর অন্যতম কারণ হচ্ছে আর্থিক অস্বচ্ছলতা। তিনি বলেন, চলতি	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	বছর নতুন এ্যাসেসমেন্টের কারণে পৌর কর অনেক বৃদ্ধি পেয়েছে। যদি সবকিছু সুষ্ঠ ভাবে সম্পন্ন হলে এবার দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নে কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করা হবে ইন্‌শাআল্লাহ। তিনি আগামী কোয়াটারেই এই কর্মমূখী প্রশিক্ষণ আয়োজন করা যায় কিনা সেটি নিয়ে চিন্তা ভাবনা করবেন। তিনি সভায় বলেন, করোনা ভাইরাসের কারণে অনেকেই তাদের কাজ হারিয়েছেন। অনেকেই তাদের ছোট খাটো ব্যবসা বন্ধ করতে বাধ্য হয়েছেন। যারা করোনা ভাইরাসের কারণে ব্যবসা অথবা কাজ হারিয়েছেন এমন লোককে প্রশিক্ষণ দিয়ে কাজে ফেরাতে পারলে সমাজ দারিদ্র মুক্ত হবে। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাবা হোসনে আরা, দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি সভায় বলেন, মেহেরপুরের অধিকাংশ পরিবার দরিদ্র। এরা দিন মজুর অথবা প্রান্তিক চাষি বা স্বল্প পুজির ব্যবসায়ী। করোনা মহামারীর কারণে এদের অনেকেই এখনো স্বাভাবিক কাজে ফিরতে পারেনি। আর্থিক অভাবে এরা অনেকেই এখন মানবেতর জীবন যাপন করছে। এদের ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করেন। এ ব্যাপারে মেয়র মহোদয় সভায় জানান, পৌরসভার মেয়র হিসেবে আমার একটি দায়িত্ব অবশ্যই আছে। তিনি সভায় বলেন মেহেরপুর পৌরসভার আথিক অবস্থা খুব একটা ভালো না। তাই ইচ্ছা থাকলেও অনেক সময় আমরা গরিবদের সাহায্য সহযোগিতা করতে পারিনা। তবে তিনি ব্যাক্তি গত ভাবে ও বিভিন্ন মাধ্যম থেকে আথিক সাহায্য নিয়ে প্রতিদিনই গরীবদের অর্থ সহয়তা দিয়ে থাকেন। যখন যার যে কোন সাহার্যের প্রয়োজন হলে তার সাথে যোগাযোগ করলে প্রয়োজন অনুযায়ী তাকে সহায়তা করা হবে। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন).
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৯/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	মোঃ আমিনুল ইসলাম	LCDA (UGIIP-3	
১০			